# AKASHVANI (Kolkata)
# Regional News
# 14-03-2026
# 1-40 PM

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কলকাতার ব্রিগেড ময়দান থেকে আর কিছুক্ষণের মধ্যে  রাজ্যের জন্য ১৮ হাজার ৬৮০ কোটি াকার একাধিক উন্নয়নী প্রকল্পের শিলান্যাস এবং উদ্বোধন করতে চলেছেন। #বিজেি র ‘ রিবর্তন যাত্রা’-র সমাপ্তিতে ব্রিগেডের সমাবেশে’ও তিনি ভাষণ দেবেন।

২/ আসামের একাধিক প্রকল্প জাতির প্রতি উৎসর্গ করার াশাাশি, গুয়াহাটি-নিউ জলাইগুড়ি এক্সপ্রেস ট্রেনের’ও যাত্রা শুরুর সঙ্কেত দিয়েছেন প্রধানমন্ত্রী।

৩/  শ্চিম এশিয়ার সংক ও বিশ্বব্যাী জ্বালানি সমস্যার মধ্যেও দেশে LPG সরবরাহ ব্যহত হবেনা বলে কেন্দ্র আবারো আশ্বাস দিয়েছে।

৪/ জরুরী রক্ষণাবেক্ষণ ও মেরামতির কাজে দ্বিতীয় হুগলী সেতু, আগামীকাল বন্ধ থাকবে।

৫/ ISL ফুবলে আজ যুবভারতী ক্রীড়াঙ্গনে ইস্টবেঙ্গল কেরালা ব্লাস্টার্স-এর , এবং বেঙ্গালুরুতে মোহনবাগান, বেঙ্গালুরু-এফসি-র মুখোমুখি হবে।

*******************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সরকারি অনুষ্ঠানের াশাাশি দলীয় কর্মসূচিতে যোগ দিতে আর কিছুক্ষণের মধেই ব্রিগেড ্যারেড গ্রাউন্ডে এসে ৌঁছোবেন। রাজ্যের প্রশাসনিক  আধিকারিকরা তাঁকে স্বাগত জানাতে বিমান বন্দরে ৌঁছান। শ্রী মোদী কলকাতার ব্রিগেড ্যারেড গ্রাউন্ডে এক প্রশাসনিক সভায় ১৮ হাজার ৬৮০ কোটি াকার বিভিন্ন  উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন শিলান্যাস করবেন। বিজেি র ‘ রিবর্তন যাত্রা’ কর্মসূচির সমাপ্তি উলক্ষে প্রধানমন্ত্রী এক জনসভাতেও বক্তব্য রাখবেন। মঞ্চে ইতমধ্যেই উস্থিত আছেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, বিজেি নেতা দিলী ঘোষ, জগন্নাথ চট্টোাধ্যায়, অভিনেতা মিঠুন চক্রবর্তী ও অন্যান্য নেতৃবৃন্দ।

জনসভায় যোগ দিতে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে মানুষ ব্রিগেড ময়দানে এসে ৌঁছেছেন। হাওড়া, শিয়ালদা স্টেশন সহ শহরের বিভিন্ন প্রান্ত থেকে কর্মীরা সভাস্থলে আসছেন। শহর জুড়ে নিরাত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে।

********************

প্রধানমন্ত্রী আজ রাজ্যের ১৮ হাজার ৬৮০ কোটি টাকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন, যার মধ্যে আছে ১৬ হাজার ৯৯০ কোটি টাকা মূল্যের ৪২০ কিলোমিটারের’ও বেশী দৈর্ঘের বেশ কয়েকটি জাতীয় সড়ক প্রকল্প। এর আওতায় পশ্চিমবঙ্গ ও ঝাড়খণ্ডে ১৯ নম্বর জাতীয় সড়ক এবং পশ্চিমবঙ্গে ১১৪ নম্বর জাতীয় সড়কের কিছু অংশ উদ্বোধন করা হবে। এর ফলে একদিকে যেমন সড়ক নিরাপত্তা বৃদ্ধি পাবে, অন্যদিকে যাতায়াতের সময়, যানজট এবং দূষণ ও কমবে।এতে পর্যটনের বিকাশ ঘটবে , আঞ্চলিক সংযোগ আরও উন্নত হবে এবং এই অঞ্চলের আর্থিক বৃদ্ধি ও ত্বরান্বিত হবে।

প্রধানমন্ত্রী কয়েকটি নতুন জাতীয় সড়ক প্রকল্পের শিলান্যাস ও করবেন। এর মধ্যে আছে ১১৬ র এ জাতীয় সড়কে ২৩১ কিলোমিটার দীর্ঘ চার লেনের খরগপুর – মোরগ্রাম অর্থনৈতিক করিডর । খড়গপুর ও শিলিগুড়ির মধ্যে অর্থনৈতিক করিডরের অঙ্গ এই সড়ক প্রকল্প, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, হুগলী, পূর্ব বর্ধমান , বীরভুম ও মুর্শিদাবাদ জেলার ওপর দিয়ে যাবে। এর ফলে খড়গপুর ও মোরগ্রামের মধ্যে দূরত্ব ১২০ কিলোমিটারের মতো কমবে। যাতায়াতের সময় ও বাঁচবে ৭ থেকে ৮ ঘন্টা।

এই জাতীয় সড়ক নির্মিত হয়ে গেলে, খড়গপুর থেকে মোরগ্রাম প্রায় ১৩৫ কিলোমিটার যাত্রাপথ সংক্ষিপ্ত হয়ে যাবে। এর ফলে এলাকার কৃষিজ পণ্য এবং অন্যান্য সামগ্রী খুব সহজেই পৌঁছে যাবে দক্ষিণবঙ্গ থেকে উত্তরবঙ্গে। কৃষিজ পণ্য পরিবহনে এবং পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, হুগলি, পূর্ব বর্ধমান, বীরভূম ও মুর্শিদাবাদ সহ বিভিন্ন জেলার অধিবাসীদের জীবন যাত্রার মান আরও উন্নত হবে বলে জানিয়েছেন স্থানীয় অধিবাসীরা।

এ ছাড়াও শ্রী মোদী, ১৪ নম্বর জাতীয় সড়কের ওপরে প্রায় সাড়ে ৫ কিলোমিটার দীর্ঘ চার লেনের দুব্রাজপুর বাইপাস এর ও ভিত্তি প্রস্তর স্থাপন করবেন। এর ফলে দুবরাজপুর শহরের যানজট হ্রাস করা এবং যাতায়াতের সময় ও প্রায় ১ ঘন্টা কমানো সম্ভব হবে। ১৪ নম্বর জাতীয় সড়কের ওপরে কংসাবতি ও শিলাবতি নদীর ওপরে চার লেনের আরও সড়ক সেতু নির্মাণেরও শিলান্যাস করবেন তিনি।

শ্রী মোদী, জাহাজ ও বন্দর সংক্রান্ত কয়েকটি প্রকল্পের’ও উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

এছাড়াও প্রধানমন্ত্রী পুরুলিয়া-আনন্দবিহার নতুন এক্সপ্রেস ট্রেনের যাত্রা শুরুর সঙ্কেত দেবেন, ‘অমৃত ভারত স্টেশন প্রকল্পে’র আওতায় পুনর্গঠিত ছ’টি স্টেশনের’ও উদ্বোধন করবেন তিনি। এই স্টেশন গুলি হোল কামাখ্যাগুরি, আনারা, তমলুক, হলদিয়া, বরাভুম ও সিউরি। পুরুলিয়া-আনন্দবিহার এক্সপ্রেস ট্রেনটি, পুরুলিয়া থেকে রাঁচি হয়ে বারানসী এবং অযোধ্যার মতো তীর্থস্থান ছুঁয়ে দেশের রাজধানীতে পৌঁছবে।

পশ্চিম মেদিনীপুরের বেলদা ও দাঁতনের মধ্যে ১৬ কিলোমিটার দীর্ঘ তৃতীয় রেল লাইন এবং কলাইকুন্ডা ও কানিমহুলির মধ্যে স্বয়ংক্রিয় ব্লক সিগনালিং ব্যবস্থাও জাতির উদ্দেশে উৎসর্গ করবেন প্রধানমন্ত্রী। এর ফলে একদিকে যেমন ট্রেনের সুরক্ষা বৃদ্ধি পাবে অন্যদিকে সময় ও বাঁচবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল গুয়াহাটিতে অয়েল ইন্ডিয়া লিমিটেডের নুমালিগড় – শিলিগুড়ি, প্রোডাক্ট পাইপ লাইনের দক্ষতা বৃদ্ধি প্রকল্প জাতির উদ্দেশে উৎসর্গ করেন। এরফলে নুমালিগড় শোধনাগারে তেল উৎপাদন বছরে ৩ মিলিয়ান মেট্রিকটন থেকে বেড়ে দাঁড়াবে বার্ষিক ৯ মিলিয়ান মেট্রিক টন।

এর আগে প্রধানমন্ত্রী নতুন তিনটি ট্রেন এর যাত্রা শুরুর ও সংকেত দেন। এর মধ্যে আছে গুয়াহাটি-নিউ জলপাইগুড়ি এক্সপ্রেস ট্রেন, কামাক্ষা-চারলাপল্লী অমৃতভারত এক্সপ্রেস, এবং নারাঙ্গী আগরতলা এক্সপ্রেস। তিনি বলেন, এই সব ট্রেন কৃষকদের তাঁদের পন্য আরও বড় বাজারে নিয়ে গিয়ে বিক্রি করার ক্ষেত্রে বিশেষ সহায়ক হবে।

********************

হাসপাতাল, শিক্ষাপ্রতিষ্ঠান ও গার্হস্থ্য ক্ষেত্র সহ অন্যান্য অত্যাবশ্যক পরিষেবায় অবাধে জ্বালানি সরবরাহ অব্যাহত থকাবে বলে কেন্দ্রীয় সরকার আশ্বাস দিয়েছে। দেশের বিভিন্ন শোধনাগারে LPG উৎপাদন ৩০ শতাংশের বেশি বাড়ানো হয়েছে। পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের যুগ্ম সচিব সুজাতা শর্মা নতুন দিল্লিতে পশ্চিম এশিয়ার সাম্প্রতিক ঘটনাবলীর সম্পর্কে আন্তঃ মন্ত্রক বৈঠকে একথা জানিয়েছেন। বাণিজ্যিক LPG সিলিন্ডার অগ্রাধিকারের ভিত্তিতে বন্টনের জন্য রাজ্যগুলিকে দেওয়া হচ্ছে।

********************

পশ্চিম এশিয়ার দেশগুলিতে সংঘর্ষের জেরে রাজ্যে জ্বালানি সংকট তৈরির যে আশঙ্কা দেখা দিয়েছে, তার প্রেক্ষিতে খোলা বাজারে গ্যাস নিয়ে কালোবাজারি রুখতে এনফোর্সমেন্ট ব্রাঞ্চের আধিকারিকরা গতকাল কলকাতা ও বিভিন্ন জেলায় নজরদারি চালায়। তারা বিভিন্ন গ্যাস সরবরাহকারী সংস্থায় গিয়ে কোথায় কত গ্যাস মজুত রয়েছে, জোগান কতটা, কিভাবে গ্যাস বুকিং নেওয়া হচ্ছে তা নিয়ে বিস্তারিত খোঁজ খবর নেন। কয়েকজন গ্যাস ডিলারের কাছে গিয়ে রেজিস্টার বুক খতিয়ে দেখেন তারা। কেউ বে-আইনিভাবে গ্যাস সিলিন্ডার মজুত করে রেখেছে কিনা, তাও খোঁজখবর নেন কলকাতা পুলিশের এনফোর্সমেন্ট ব্রাঞ্চের আধিকারিকরা। লেক গার্ডেন্স, যধপুর পার্ক সহ কলকাতার বিভিন্ন থানা এলাকা পরিদর্শন করেন তারা।

বাজারে গ্যাসের যোগান খতিয়ে দেখা এবং কালোবাজারি হচ্ছে কিনা তা বুঝতে বর্ধমান শহর সহ জেলার ২০-টি জায়গায় অভিযান চালিয়েছে জেলা এনফোর্সমেন্ট দফতর। গ্যাসের ডিলারের দফতর এবং গুদামেও অভিযান চালানো হয়।

এদিকে, মুর্শিদাবাদে, এলপিজি সিলিন্ডারের কালোবাজারি চলছে বলে অভিযোগ।

গ্যাস সংকটের গুজবের জেরে গার্হস্থ্য ও বাণিজ্যিক গ্যাস সিলিন্ডারের জন্য অতিরিক্ত দাম নেওয়া হচ্ছে। অসাধু ব্যবসায়ীরা, ৯৬০ টাকার পরিবর্তে ১'হাজার ১০০ থেকে ১'হাজার ১৫০ টাকা টাকা পর্যন্ত নিচ্ছে। বাণিজ্যিক সিলিন্ডার পিছু নেওয়া হচ্ছে অতিরিক্ত ৩০০ টাকা।

উত্তর ২৪ পরগণার হিঙ্গলগঞ্জের বিভিন্ন এলাকায় গ্যাস সরবরাহকে কেন্দ্র করে ব্যাপক দুর্নীতির অভিযোগ করে স্হানীয় মানুষ আজ প্রতিবাদে সামিল হন। হয়রানি বন্ধ ও দোষী ডিস্টিবিউটারদের বিরুদ্ধে দ্রুত ব্যবস্হা নিতে প্রশাসনের কাছে আবেদন জানিয়েছেন তারা।

এদিকে, ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী ও সাংসদ, এরাজ্যে বিজেপির পর্যবেক্ষক বিপ্লব দেব অভিযোগ করেছেন, আন্তর্জাতিক ক্ষেত্রে যেখানে রান্নার গ্যাস অপ্রতুল সেখানে বিরোধীরা সমস্যার সমাধানে কোন পথ না খুঁজে কেন্দ্রের সমালোচনায় সরব হয়েছে। অথচ কেন্দ্রীয় সরকার এই সমস্যা সামাধানের জন্য সবরকম চেষ্টা চালিয়ে যাচ্ছে।

আই এন টি ইউ সি সেবা দল ও প্রদেশ মহিলা কংগ্রেস আজ যৌথভাবে কলকাতায় বিক্ষোভ কর্মসূচী পালন করে। গ্যাসের সংকটের জেরে মানুষ চরম নাজেহাল অবস্হায় পড়েছেন বলে তাঁদের অভিযোগ।

********************

পশ্চিম এশিয়ার বর্তমান পরিস্থিতির মধ্যে জ্বালানি ও পণ্যের অবাধ পরিবহনের বিষয়ে ভারত ইরানের সঙ্গে বিস্তারিত আলোচনা করেছে। পশ্চিম এশিয়ার সাম্প্রতিক ঘটনাবলী নিয়ে বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বৃহস্পতিবার ইরানের রাষ্ট্রপতি ডঃ মাসুদ পেজেশকিয়ানের সঙ্গে আলোচনায় ভারতীয় নাগরিকদের নিরাপত্তা ও কল্যাণের বিষয়ে নতুন দিল্লির অগ্রাধিকারের উপর জোর দিয়েছেন। ভারত পুনরায় জানিয়েছে যে সমস্ত সমস্যা আলোচনা এবং কূটনীতির মাধ্যমে সমাধান করা উচিত।

শ্রী জয়সওয়াল বলেন, বিদেশ মন্ত্রকের কন্ট্রোল রুম দ্রুতগতিতে কাজ করছে এবং এখন পর্যন্ত ৯০০টি ফোন কল ও ২০০টি ইমেল পাওয়া গেছে। গত কয়েক দিনে ১৭০ জন ভারতীয় নাগরিক ইরান থেকে স্থল সীমান্ত অতিক্রম করেছেন।

বন্দর, জাহাজ চলাচল ও জলপথ মন্ত্রকের বিশেষ সচিব রাজেশ কুমার সিনহা বলেন, হরমুজ প্রণালীর পশ্চিমে ২৪টি ভারতীয় পতাকাবাহী জাহাজ রয়েছে। আর পূর্বে তিনটি ভারতীয় পতাকাবাহী জাহাজ রয়েছে।

********************

জরুরি রক্ষণাবেক্ষণ ও মেরামতির কাজের জন্য কলকাতা এবং হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলি সেতু আগামীকাল আরো এক দফায় বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সকাল ছটা থেকে সন্ধ্যে ছটা পর্যন্ত এই সেতুর উপর দিয়ে সব ধরনের যান চলাচল সম্পূর্ণ বন্ধ থাকবে বলে কলকাতা পুলিশের তরফে আজ এক বিবৃতিতে জানানো হয়েছে। ওই সময় সেতুর উপর দিয়ে চলাচলকারী সব ধরনের যানবাহন, বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হবে।

********************

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনে বারুইপুর ও ডায়মন্ড হারবার স্টেশনের মধ্যে লিমিটেড হাইট সাবওয়ে ( LHS) তৈরির কাজের জন্যে আজ (14.03.2026) রাত দশটা থেকে আগামীকাল ( 15.03.2026) সকাল ৭ টা পর্যন্ত মোট ৯ ঘন্টা ট্র্যাফিক ও পাওয়ার ব্লক থাকবে। এই কারণে আজ শিয়ালদা - ডায়মন্ড হারবার এর মধ্যে একটি আপ ও ২ টি ডাউন ট্রেন বাতিল থাকবে। পাশাপাশি আগামীকাল (15.03.26) শিয়ালদা - ডায়মন্ড হারবার এর মধ্যে ৩ টি আপ, ও ২ টি ডাউন, সোনারপুর ও ডায়মন্ড হারবারের মধ্যে ডাউনে দুটি এবং ডায়মন্ড হারবার - বারুই পুর এবং ডায়মন্ড হারবার - বালিগঞ্জের মধ্যে আপে ১ টি করে ট্রেন বাতিল থাকবে। এছাড়া কিছু ট্রেনের যাত্রা পথ সংক্ষিপ্ত করা হবে বলে রেল সূত্রে জানা গেছে।

********************

যাত্রী সুবিধার কথা বিবেচনা করে পূর্ব রেলের হাওড়া ডিভিশন তারকেশ্বর - শেওরাফুলির মধ্যে নতুন ট্রেন পরিষেবার সূচনা করতে চলেছে। আগামী সোমবার ( 16.03.26) এই ট্রেন পরিষেবার সূচনা হবে বলে রেল সূত্রে জানা গেছে।

তারকেশ্বর – শেওড়াফুলি ডাউন লোকাল তারকেশ্বর থেকে সকাল ১০ টা ৫ মিনিটে ছেড়ে সকাল ১০ টা ৫৩ মিনিটে শেওড়াফুলি পৌঁছাবে। অন্যদিকে শেওড়াফুলি – তারকেশ্বর আপ লোকাল শেওড়াফুলি থেকে সকাল ১১ টা ৪ মিনিটে ছেড়ে সকাল ১১ টা ৫০ মিনিটে তারকেশ্বর পৌঁছাবে। যাত্রা পথে সমস্ত স্টেশনেই ট্রেনটি থামবে।

********************

ন্যাশনাল টেস্টিং এজেন্সি NTA স্নাতকোত্তোর অভিন্ন বিশ্ববিদ্যালয় প্রবেশিকা পরীক্ষা-২০২৬-এর বসার জন্য প্রার্থীদের অ্যাডভান্স এক্সজামিনেশন সিটি ইন্টিমেসন স্লিপ দেওয়ার ব্যবস্হা চালু করেছে। যে সমস্ত পরীক্ষার্থী ১৬,১৭,১৮,১৯, ২৪ ও ২৭ মার্চ পরীক্ষা দেবেন তারা তাদের নাম দেখে শহর ও পরীক্ষা কেন্দ্রের নামাঙ্কিত স্লিপ NTA ওয়েবসাইট থেকে তার লগিং আই ডি-র সাহায্যে ডাউনলোড করতে পারবে। NTA জানিয়ে দিয়েছে, এই স্লিপের মাধ্যমে পরীক্ষার্থীরা তাদের কোন শহরে পরীক্ষা কেন্দ্র তা জানার সুযোগ পাবে। তবে কখনোই এটা অ্যাডমিট কার্ড নয়। পরে অ্যাডমিট কার্ড ইসু করা হবে। যে কোন অনুসন্ধানের জন্য পরীক্ষার্থীরা helpdesk-cuetpg@nta.ac.in-এ মেল করতে অথবা 011-40759000 এই হেল্প নম্বরে ফোন করতে পারেন।

********************

ISL ফুটবলে আজ কলকাতার বিবেকানন্দ যুব ভারতী ক্রীড়াঙ্গনে ইস্ট বেঙ্গল এফসি, কেরালা ব্লাস্টার্স এফসির মুখোমুখি হবে। খেলা শুরু হবে বিকেল ৫ টায়। অন্যদিকে, বেঙ্গালুরুর শ্রী কান্তিরাভা স্টেডিয়ামে মোহনবাগান সুপার জায়ান্ট, বেঙ্গালুরু এফসি-র বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যে সাড়ে ৭ টায়। ইস্টবেঙ্গল ৪ ম্যাচে ৭ পয়েন্ট নিয়ে লিগ টেবিলের চতুর্থ স্থানে রয়েছে। অন্যদিকে, মোহনবাগান ১২ পয়েন্ট নিয়ে লিগ টেবিলের শীর্ষে রয়েছে।

**********************************************************************